# "সৃষ্টির নেশায় দৃষ্টি নন্দন শোভা" ( দ্বিতীয় পর্ব )

সৌজন্যে

# CREATIVE ART ACADEMY

## আন্তর্জাতিক আর্ট ক্যাম্প, প্রদর্শনী, শিল্প আলোচনা, অঙ্কন প্রতিযোগিতা

**শুভারম্ভ ২৮ শে ডিসেম্বর (শনিবার), চলবে ৩০ শে ডিসেম্বর সোমবার, পর্যন্ত**

**স্থান -পাঁচলা মোড় , নেতাজী সংঘের মাঠ ( রঘুদেবপুর ), হাওড়া – ৭১১৩২২**

আবার, আপনাদের সামনে আমরা CREATIVE ART ACADEMY নিয়ে আসতে চলেছি **"সৃষ্টির নেশায় দৃষ্টি নন্দন শোভা" দ্বিতীয় পর্ব**। স্থান পাঁচলা নেতাজী সংঘের মাঠ। শুভারম্ভ ২৮ শে ডিসেম্বর (শনিবার) চলবে ৩০ শে ডিসেম্বর (সোমবার) পর্যন্ত । এই দ্বিতীয় পর্বে থাকবে বিরাট অঙ্কন প্রতিযোগিতা, আন্তর্জাতিক চিত্র প্রদর্শনী, হাতের কাজের (craft) প্রদর্শনী, ভারতবর্ষের বিভিন্ন শহর এবং বিদেশ থেকে আসা গুণী শিল্পীদের কর্মশালা যেখানে তাঁরা ক্যানভাসে ছবি আঁকবেন, আরো নানা ধরণের শিল্প কর্ম তৈরী করবেন। আর থাকবে গুণীজন সংবর্ধনা, পুরস্কার বিতরণ। এই অনুষ্ঠানের কোনো প্রবেশ মূল্য নেই। শুধুমাত্র অঙ্কন প্রতিযোগিতায় নাম দেওয়ার জন্য ১০০ টাকা প্রবেশ মূল্য আছে। এই অনুষ্ঠানে আপনাদের সবাইকে জানাই সাদর আমন্ত্রন।

**অনুষ্ঠানের সময় সূচী** - **প্রথম দিন** - ২৮শে ডিসেম্বর শনিবার ঠিক দুপুর ১টায় অঙ্কন প্রতিযোগিতা শুরু হবে। এক ঘণ্টা আগে প্রতিযোগিকে উপস্থিত হতে হবে। বিভাগ থাকবে চারটি – (A) , (B) , (C) , (D)।

- প্রত্যেক বিভাগের বিষয় থাকবে যেমন খুশী আঁকো। ( যেকোনো মাধ্যমে )
- প্রত্যেকে সময় পাবে ২ ঘণ্টা।

বিভাগ - (A) - ৭ বৎসর পর্যন্ত,
বিভাগ - (B) - ৭ বৎসর ১ দিন থেকে ১০ বৎসর পর্যন্ত,
বিভাগ - (C) - ১০ বৎসর ১ দিন থেকে ১৪ বৎসর পর্যন্ত,
বিভাগ - (D) - ১৪ বৎসর ১ দিন থেকে ২০ বৎসর পর্যন্ত।

- প্রতি বিভাগে প্রথম , দ্বিতীয় , তৃতীয় স্থানাধিকারীর জন্য থাকবে আকর্ষণীয় পুরস্কার। এছাড়া প্রতি বিভাগে আরও পঞ্চাশ জন করে বিশেষ পুরস্কার দেওয়া হবে।
- **প্রতিযোগিতার ফর্ম অনলাইনে পূরণ করতে হবে, ফেসবুকে CREATIVE ART ACADEMY এর পেজটি ফলো করুন। ফর্মপূরণ এর লিঙ্ক ফেসবুক পেজ-এ রয়েছে ।**

**বিঃদ্রঃ – লিঙ্ক পাওয়া মাত্রই ফর্ম পূরণ করুন, কেননা আমাদের আসন সংখ্যা সীমিত।**
**প্রতিযোগিতার দিন কোন নাম নতিভুক্ত করণ করা হবে না।**

আমরা চাই তুমি তোমার মনের থেকে ছবি আঁকো। তোমার মনের রং ঢেলে দাও তোমার ছবিতে। কোনো মোবাইলের ছবি, স্যারের করে ছবি দেওয়া , কোন ফ্যান্সি ছবি, কোন বইয়ের ছবি এখানে নিষিদ্ধ। ছবি আঁকার আসল অর্থ যেটা বোঝায় অর্থাৎ নিজেকে খোঁজা। এখানের প্রতিযোগিতায় তুমি সেটাই আঁকবে অর্থাৎ তুমি তোমার কল্পনার সমস্ত জিনিসকে যেভাবে দেখো। প্রতিযোগিতা শেষ হলে শুরু হবে এই অনুষ্ঠানের প্রদীপ প্রজ্জ্বলন । গুণীমানুষদের উপস্থিতিতে শুরু হবে শিল্প প্রসঙ্গে নানা বিধ আলোচনা । যেগুলো আজকের সমাজ গঠনের ক্ষেত্রে সবার জানা টা খুব জরুরি । আলোচনা সভার মূল উদ্দেশ্য হল সহজ সরল ভাবে আপনাদের ছবি দেখার আনন্দ এবং অনুভূতির পথকে খুলে দেওয়া।

**দ্বিতীয় দিন** - ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টা থেকে খোলা থাকবে প্রদর্শনী , তার সঙ্গে শুরু হবে শিল্পীদের work shop এই সময় অবশ্যই আপনারা আসবেন। স্বচক্ষে উপভোগ করবেন গুণী শিল্পীদের অনবদ্য সৃষ্টির মুহূর্ত । কিভাবে তাঁরা ছবি আঁকছেন , শিল্পকর্ম তৈরি করছেন। বিকালে আবার শুরু হবে আপনাদের সঙ্গে শিল্পীদের শিল্প বিষয়ক আলোচনা। আপনাদের নানান প্রশ্নের উত্তর দেওয়া নেওয়া চলবে।

**তৃতীয় দিন** - ৩০ শে ডিসেম্বর সোমবার একই ভাবে বেলা ১১টা থেকে প্রদর্শনী খোলা থাকবে, এবং বেলা ১২ টা থেকে আবার শুরু হবে শিল্পীদের আঁকাআঁকি। এ মুহূর্ত হাতছাড়া করবেন না যেন। আপনাদের পছন্দ অনুযায়ী কোন শিল্প সামগ্রী খুবই অল্পমূল্যে সংগ্রহ করতে পারবেন। আমরা চাই শিল্পকর্ম আপনাদের ঘরে ঘরে সমাদর পাক। বিকাল ৩টে থেকে আবার সভা অনুষ্ঠিত হবে। গুণী মানুষদের সম্মানপ্রদান, পুরস্কার বিতরণী এবং বিদায় ঘোষণা।

শুভ কর্মে ব্রতী হবার আগে আপনাদের আশীর্বাদ ও শুভ কামনা আশাকরি । ভুল ত্রুটি মার্জনা করে CREATIVE ART ACADEMY কে এগিয়ে চলার শক্তিপ্রদান করে বাধিত করবেন।

FOUNDER OF
CREATIVE ART ACADEMY
( NILKANTA MONDAL )